অবিলম্বে প্রকাশের জন্য: 12/6/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের বয়স্ক ব্যক্তিদের জন্য রিয়েল প্রোপার্টির ট্যাক্স মওকুফের অনুমোদন দিলেন

লেজিস্লেশন S5175A/A3698A স্থানীয় অঞ্চলগুলিকে নির্দিষ্ট বয়স্ক ব্যক্তিদের জন্য 65 শতাংশ পর্যন্ত রিয়েল প্রোপার্টির ট্যাক্স মওকুফ দেওয়ার অনুমতি দেয়

গভর্নরের ক্রয়ক্ষমতার এজেন্ডার ভিত্তিতে হচ্ছে যেখানে মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীর জন্য ট্যাক্স কমানো হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) নিউ ইয়র্কের (New York) বয়স্ক ব্যক্তিদের জন্য রিয়েল প্রোপার্টির ট্যাক্স মওকুফ বাড়ানোর লেজিস্লেশনে সাইন করেছেন। লেজিস্লেশন S5175A/A3698A স্থানীয় অঞ্চলগুলিকে আয়ের যোগ্যতার সীমার মধ্যে থাকা এবং অন্যান্য ক্রাইটেরিয়া পূরণ করা বয়স্ক নাগরিকদের জন্য তাদের প্রোপার্টির যাচাই করা মূল্যের 65 শতাংশ পর্যন্ত রিয়েল প্রোপার্টির ট্যাক্স মওকুফ দেওয়ার অনুমতি দেয়। এই লেজিস্লেশনটি গভর্নর হোকলের ক্রয়ক্ষমতার এজেন্ডার উপর ভিত্তি করে তৈরি হয়েছে, যেখানে মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীর জন্য ট্যাক্স কমানো হয়েছে।

"তাদের প্রোপার্টি ট্যাক্স দেওয়ার সামর্থ্য আর না থাকার কারণে নিউ ইয়র্কের কোনো বয়স্ক ব্যক্তিকে তাদের বাসা হারাতে হওয়া উচিত না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই লেজিস্লেশন সাইন করার মাধ্যমে আমরা নিউ ইয়র্ককে আমাদের সীমিত আয়ের বয়স্ক মানুষদের জন্য আরো সাশ্রয়ী করতে এবং তাদেরকে এক স্থানে, বাড়িতে, এবং তাদের পরিচিত ও প্রিয় কমিউনিটিতে শেষ বয়স কাটানোর ক্ষমতা দিতে কাজ করছি।"

বিলটি স্থানীয় অঞ্চলগুলিকে অঞ্চলের নির্ধারিত সর্বোচ্চ আয়ের যোগ্যতার মাত্রার নিচে বাস করা বয়স্কদের জন্য 65 শতাংশ পর্যন্ত রিয়েল প্রোপার্টি ট্যাক্স মওকুফ করার বিকল্প দিবে। এর আগে, স্থানীয় সরকারগুলি বয়স্ক নাগরিকদের যে সর্বোচ্চ মওকুফের শতাংশ দিতে পারতেন সেটি 50 শতাংশে নির্ধারিত ছিলো এবং তা অনেক দশক ধরে বাড়ানো হয়নি। মওকুফকে 50 শতাংশ থেকে বাড়িয়ে 65 শতাংশ করার ফলাফল হিসেবে গড়ে বয়স্ক ব্যক্তিদের বছরে 300 মার্কিন ডলার পর্যন্ত সাশ্রয় হতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিংয়ের (New York State Office for the Aging, NYSOFA) ভারপ্রাপ্ত ডিরেক্টর Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন, "গভর্নর Hochul

(হোকল) আরেকবার ব্যক্তি এবং পরিবারের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করার জন্য কিছু করে দেখিয়েছেন। প্রোপার্টির ট্যাক্স দিতে পারা প্রায়ই কঠিন হয়, বিশেষ করে সীমিত আয়ের মানুষের জন্য। 1.8 মিলিয়নের বেশি বয়স্ক ব্যক্তি নিজের বাসার মালিক, তাই গুরুত্বপূর্ণ এই আইনটি বয়স্ক ব্যক্তিদেরকে তাদের পছন্দের বাসা এবং কমিউনিটিতে থেকে যেতে সাহায্য করতে থাকবে এবং তাদের ব্যাপক অবদানকে নিউ ইয়র্ক স্টেটের মধ্যেই রাখবে।"

স্টেটের সিনেটর Leroy Comrie (লিওরি কমরি) বলেন, "বয়স্ক ব্যক্তিরা বাড়তে থাকা হাউজিংয়ের দাম এবং ইনফ্লেশনের মুখোমুখি হচ্ছেন, যাদের অনেকেরই আয় সীমিত। S5175A-কে আইন হিসেবে সাইন করা হলো পুরো নিউ ইয়র্কে বয়স্ক ব্যক্তিদের জন্য সত্যিকারের ক্রয়ক্ষমতা পুনঃস্থাপন করার জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ। এই আইনটি স্থানীয় অঞ্চলগুলিকে যোগ্য বয়স্ক ব্যক্তিদের জন্য 65 শতাংশ ছাড় দিতে দেয় যাতে করে অনেক দিনের বাড়ির মালিকেরা মর্যাদা ও নিরাপত্তাসহ নিজেদের কমিউনিটিতে থাকতে পারেন। এই স্টেটকে বানাতে সাহায্য করা নিউ ইয়র্কবাসীদের অর্থপূর্ণ সমর্থন দেওয়ার জন্য পার্টনারশিপ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল), আমার সহকর্মীদের, এবং বিশেষ করে অ্যাসেম্বলির সদস্য David Weprin-কে (ডেভিড ওয়েপরিন) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য David Weprin (ডেভিড ওয়েপরিন) বলেন, "সকল নিউ ইয়র্কবাসী, যাদের মধ্যে আমাদের বয়স্ক বাড়ির মালিক নাগরিকরা আছেন, তাদের জন্য ক্রয়ক্ষমতা উন্নত করতে গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) প্রতিশ্রুতির জন্য আমি কৃতজ্ঞ। এই বিলকে আইন হিসেবে অগ্রসর করার মাধ্যমে আমরা রিয়েল প্রোপার্টির ট্যাক্স বাড়ানোর চাপ থেকে রিলিফ দিতে পারবো এবং সীমিত আয়ের বয়স্ক বাড়ির মালিকদের জন্য স্থিতিশীলতা নিশ্চিত করতে পারবো। অতি গুরুত্বপূর্ণ এই ক্রয়ক্ষমতার এজেন্ডা অগ্রসর করতে গভর্নর Hochul (হোকল) এবং আমার সহকর্মী নির্বাচিত নেতাদের সাথে পার্টনারশিপ চালিয়ে যেতে আমি আগ্রহী।"

এই লেজিস্লেশনটি গভর্নর হোকলের ক্রয়ক্ষমতার এজেন্ডার উপর ভিত্তি করে তৈরি হয়েছে, যেখানে আছে:

- মধ্যবিত্তদের ট্যাক্স কমানো: আনুমানিক 8.3 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ট্যাক্সের হার কমানোর ফলে লাভবান হবেন, যার ফলে মধ্যবিত্তদের ট্যাক্সকে 70 বছরের মধ্যে সবথেকে কম মাত্রায় নামানো হবে।
- চাইল্ড ট্যাক্স ক্রেডিট এক্সপ্যানশন: চাইল্ড ট্যাক্স ক্রেডিটকে বাড়িয়ে চার বছরের কম বয়সের প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার পর্যন্ত এবং স্কুলে যাওয়ার বয়সী শিশুদের জন্য 500 মার্কিন ডলার পর্যন্ত করা হয়েছে, যা 2026 সাল থেকে শুরু হবে।
- ইনফ্লেশন রিফান্ড চেক: যোগ্য নিউ ইয়র্কবাসীরা জনপ্রতি 200 মার্কিন ডলার বা প্রতি পরিবারের জন্য 400 মার্কিন ডলার পর্যন্ত পেয়েছেন, যা 8.2 মিলিয়ন মানুষের কাছে পৌঁছে গেছে।
- বিনামূল্যে স্কুলে খাবার দেওয়া: সকল K-12 স্টুডেন্ট এখন বিনামূল্যে সকালের নাস্তা এবং দুপুরের খাবারের অ্যাক্সেস পাবে, যা পরিবারগুলির প্রতি শিশুর জন্য বার্ষিক 1,600 মার্কিন ডলার পর্যন্ত সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন